দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 JAN 2017 ...
পৃষ্ঠা ৭৫ ... কলাম ... ৪...

# রেজিস্ট্রেশন দাবিতে ইউএসটিসি শিক্ষার্থীদের সড়ক অবরোধ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ইউএসটিসি) এমবিবিএস কোর্সের তিনটি ব্যাচের শিক্ষার্থী রেজিস্ট্রেশনের কাজ এখনও সম্পন্ন হয়নি। এতে উদ্বিগ্নতার ছাপ শিক্ষার্থী এবং অভিভাবক মহলে। ক্ষুব্ধ শিক্ষার্থীরা বুধবার রেজিস্ট্রশনের দাবিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং উপ উপাচার্যসহ শিক্ষকদের অবরুদ্ধ করেন। তারা সড়কে নেমে এলে যানজটের সৃষ্টি হয়। এতে ভোগান্তিতে পড়েন যাত্রী সাধারণ।

জানা যায়, এমবিবিএস কোর্সের ২৫, ২৬ এবং ২৭ নম্বর ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন এখনও সম্পন্ন হয়নি। অথচ, বর্তমানে এমবিবিএস কোর্সের ৩০তম ব্যাচ চলছে। অধ্যয়নরতদের মধ্যে ২৫তম ব্যাচের শিক্ষার্থীরা রয়েছেন ফাইনাল ইয়ারে। তারা চূড়ান্ত পরীক্ষা দেয়ার জন্য প্রস্তুতি সম্পন্ন করেছে। রেজিস্ট্রেশন না হওয়ায় চরম উদ্বিগ্ন শিক্ষার্থী এবং অভিভাবকরা।

আন্দোলনকারীরা জানায়, রেজিস্ট্রেশন দাবিতে তারা গত ৫ বছর ধরে আন্দোলন চালিয়ে আসছেন। বার বার দাবি জানানো সত্ত্বেও কর্তৃপক্ষ নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করেনি। এ ব্যাপারে কর্তৃপক্ষের সঙ্গে দেখা করে ব্যবস্থা নিতে আবেদন জানালে কর্তৃপক্ষ বলেছে, বিএমডিসির সঙ্গে যোগাযোগ করতে। অথচ, শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এ কাজটি কর্তৃপক্ষেরই করার কথা।